

# ACI Formulations Limited

## Annual Report 2016-2017

# Directors' Report to the Shareowners

For the Financial Year 2016-2017





It is a pleasure and privilege on the part of the Board of Directors to present herewith the Directors' Report and Auditors' Report together with the Audited Financial Statements of ACI Formulations Limited (ACI FL) for the first fiscal year (1 July 2016 to 30 June 2017) as the financial year of the Company ended on 30 June 2017 prepared based on the provisions of the Companies Act 1994, Finance Act 2015 and the Notifications issued from time to time by Bangladesh Securities & Exchange Commission (BSEC).

Despite all the challenges of excessive rainfall and flooding in large part of the country in two consecutive seasons, our business of Crop Care and Public Health (CC & PH) recorded a growth of 16% over the year 2015. This was possible because of the strategic leadership and untiring efforts of our sales and marketing team. They deserve to be acknowledged and appreciated for an excellent job done.

In the Crop Care business we have modernized our product range further with the addition of six more molecules, which are cost-effective and more environmentally friendly. The new molecules are being branded and will become winners in their respective categories. We continue to be the market leader in Herbicide category. We have retained a strong position in Fungicide range and overall gained market share.

We have introduced a Spraying Service called "Flow Master" which provides a spraying machine to a sprayer trained by us, who can be hired by farmers to spray their crop. This service is expected to take care of proper application and safety. This is an initiative under our Corporate Social Responsibility.

Flora is a bio-friendly plant energizer and yield booster. As we found good response from users we felt encouraged to setup a Strategic Business Unit to handle Flora and funded for vigorous branding campaign. We also created a separate field force for Flora in 2015. In the first two years, we got a robust growth in sales of Flora and therefore, planned the logistics in expectation for similar results. Unfortunately, the floods in successive seasons severely curtailed the demand for Flora. We are now taking several initiatives to address the situation and take corrective measures. The potential of Flora















is tremendous and our branding of the product has been very successful. We will put the required resources to harness full potential of this product in the coming seasons and reap the benefit of branding.

Both Crop Care and Flora team of Crop Care business are present in the field, educating the farmers to adopt modern agronomic practices for increased yield of their crop. We are also working with several NGOs & donor agencies to access the farmers in remote areas, teaching them modern cultivation technique. We are also working on A2i project with the Government at Upazilla level.

The factory of ACI Formulations Limited located in Gazipur is a fully compliant establishment and is certified under the ISO 14001 Environmental Management System. ACI FL is committed to maintain sustainable environment.

Our Quality Control labs have all the modern analytical equipments and our Standard Operating Procedures ensure that the products comply with the set Standards without exception. We have Health Safety and Environment policies and we ensure factory is fully compliant of the highest standards. We ensure that our employees always wear personal protective gears while at work.

We toll-manufacture products for SC Johnson of the USA and AkzoNobel of the Netherlands. We are meeting their quality and volume of products to their satisfaction. They conduct technical audit from time to time and our operations score high in the audit rating.

During the year we have taken many production-related improvement measures like automation and process improvement. These initiatives have reduced cost and improved productivity.

Our Effluent Treatment Plant meets all the environment regulations and standards. We process all waste materials, both solid and liquid, to remove or breakdown the toxic chemicals. Our residue disposal protocol meets world-class standards.




## Key Operating & Financial Information at a Glance

The key operating and financial information for the year 2016-17 along with the preceding five years are presented below:


Figures are in million (BDT)

| Particulars | July 2016-June 2017 | January 2016 -June 2016 (six month) | December 2015 | December 2014 | December 2013 | December 2012 | December 2011 |
|---|---|---|---|---|---|---|---|
| Net Turnover | 3,629.43 | 1,625.48 | 3,006.49 | 2,908.11 | 2,340.43 | 2,581.04 | 2,443.66 |
| Gross profit | 1,107.81 | 476.94 | 800.14 | 738.58 | 584.56 | 609.86 | 571.86 |
| Profit before tax | 356.73 | 126.64 | 313.11 | 259.65 | 172.29 | 200.21 | 197.49 |
| Profit after tax | 261.44 | 90.40 | 235.14 | 187.62 | 129.23 | 149.96 | 146.85 |
| Earnings per share (Taka) | 5.81 | 2.01 | 5.23 | 4.17 | 2.87 | 3.33 | 3.26 |
| Issued & paid capital | 450.00 | 450.00 | 450.00 | 450.00 | 450.00 | 450.00 | 300.00 |
| Shareowners' equity | 2,454.80 | 2,283.36 | 2,350.46 | 1,805.59 | 1,730.47 | 1,713.74 | 1,638.78 |
| Net asset per share (Taka) | 54.55 | 50.74 | 52.23 | 40.12 | 38.45 | 38.08 | 36.42 |
| Number of employees | 1,679 | 1,489 | 1,459 | 1,149 | 922 | 921 | 798 |
| Total contribution to National Exchequer | 564.34 | 255.82 | 386.64 | 246.47 | 165.58 | 170.00 | 172.47 |




## Financial Results

For the year ended 30 June 2017, total revenue of ACI Formulations Limited was Taka 3,629.43 million which was Taka 4,631.97 million for 18 month comparative period. The gross profit margin has increased to 30.52% in the current year from 27.57% of last 18 month comparative period due to favorable material price variance and higher proportionate sale of high margin products. In the current year, operating profit was Taka 493.65 million and profit after tax (PAT) was Taka 261.44 million resulting into Earnings per Share Taka 5.81.




## Appropriation of Profit

Considering the financial results of the Company during the year and free reserve carried over and in line with following a consistent dividend policy, the Directors recommended appropriation of net profit as follows:

| | For the year ended 30 June 2017 | For the eighteen-month period ended 30 June 2016 | For the six-month period ended 30 June 2016 | For the year ended 31 December 2015 |
|---|---|---|---|---|
| | Taka | Taka | Taka | Taka |
| Un-appropriated profit | 696,967,963 | 527,627,496 | 606,569,899 | 527,627,496 |
| Add: Net profit after tax for the period / year | 261,436,927 | 325,540,469 | 90,398,064 | 235,142,405 |
| Add: Realization of revaluation reserve | - | 1,299,998 | - | 1,299,998 |
| Total available for appropriation | 958,404,890 | 854,467,963 | 696,967,963 | 764,069,899 |
| Appropriation of profit: | | | | |
| Interim dividend | | | | |
| Cash dividend | 90,000,000 | - | - | - |
| Final dividend proposed: | | | | |
| Cash dividend | 67,500,000 | 157,500,000 | - | 157,500,000 |
| Total dividend | 157,500,000 | 157,500,000 | - | 157,500,000 |
| Balance carried forward | 800,904,890 | 696,967,963 | 696,967,963 | 606,569,899 |

With the balance carried forward and with future ploughing back of the profit, Directors are confident that company will be able to maintain prudent dividend policy in coming years.




## Dividend

The Board of Directors has already distributed interim cash dividend @ 20% i.e. Taka 2 per share.

In addition to the above interim dividend, the Board of Directors is pleased to recommend cash dividend @15 percent on face value of Tk. 10 per share (i.e. Taka 1.5 per share) for the year ended 30 June 2017 to those shareowners whose names were appeared in the Share Register of Members of the Company or in the Depository list of CDBL on the Record Date which is Monday, 13th November 2017.

## Contribution to the National Exchequer

For the year ended 30 June 2017, the company contributed Taka 564.34 million to the National Exchequer in the form of corporate tax, custom duty and Value Added Tax (VAT). This is equivalent to 15.55 percent of the Company's net sales revenue for the year 2016-17.

## Cost of Goods Sold and Profit Margins

For the year ended 30 June 2017, cost of goods sold was Taka 2,521.62 million (69.48% of net revenue) which was Taka 3,354.89 million (72.43% of net revenue) for 18 month comparative period. This has been achieved due to comparative lower material cost and high yielding product mixes. We have been able to generate gross profit margin of 30.52% (Taka 1,107.81 million) during the year ended 30 June 2017 as against 27.57% (Taka 1,277 million) during 18 month comparative period. Despite a large growth in gross profit margin, the PAT percentage was 7.2% due to increased administrative, selling and distribution expenses and higher financing costs.

## Directors' Declaration as to Statutory Information

In connection with preparation and presentation of the Financial Statements for the year ended on 30 June 2017, the Directors also report that:

- Segment-wise performance has been shown in note - 7 (ii) of the Financial Statements.
- The Company is aware of the different risks associated with doing business and is prepared to counter those risks through systematic approach. Financial risks management has been disclosed in the Note - 32 of the Financial Statements.
- No extra-ordinary gain or loss exists during the year as prescribed by the Bangladesh Financial Reporting Standards (BFRSs).
- All transactions with related parties are made on a commercial basis and the basis was the principle of "Arms Length Transaction". Details of related party transaction are disclosed in the Note - 36 of the Financial Statements.
- No IPO or Right issue was made during the year.
- No significant variance occurs between Quarterly Financial Performance and Annual Financial Statements.
- During Financial Year 2016-2017, the Company has paid a total of Taka 9,000.00 as Board meeting attendance fees. The remuneration of Directors has been mentioned in Note- 28 & Note- 36(b) of the Financial Statements.
- The Financial Statements prepared by the management of the Company presents a true and fair view of Company's state of affairs, result of its operation and changes in equity and cash flows.
- Proper books of accounts of the Company have been maintained.
- Appropriate accounting policies have been consistently followed in formulating the Financial Statements and Accounting estimates are reasonable and accurate.
- Bangladesh Accounting Standards (BASs) and Bangladesh Financial Reporting Standards (BFRSs) have been followed in preparation of the Financial Statements.
- The System of Internal control is sound in design and has been effectively implemented and monitored.
- There is no doubt, whatsoever, upon the company's ability to continue as going concern.
- All significant variations in operating results from the previous year have been highlighted and reasons thereof have been explained.
- The key financial and operating data for preceding five years is disclosed in the Directors' Report.
- The Company has recommended dividend for the Financial Year 2016-2017.
- During Financial Year 2016-2017, 5 (five) Board meetings were held, which conform the regulatory requirements which are shown in Annexure - I.
- Shareholding pattern of the Company as on 30 June 2017 are shown in Annexure - II.
- The profiles of Directors who have sought for appointment/re-appointment are shown in Annexure - III.
- The CEO and CFO has certified to the Board that they have reviewed the Financial Statements and believe that these statements do not contain any material untrue statements or omit any material fact or certain statements that might be misleading.
- The CEO and CFO further confirm that Financial Statements together present a true and fair view of the Company's affairs and are in compliance with applicable laws.
- The CEO and CFO have further certified to the Board that there are, to the best of their knowledge and belief, no transactions entered into by the Company during the period under review, which are fraudulent, illegal or violation of the Company's code of conduct.






## Going Concern

The Board is of the opinion that the Company is indeed a going concern. This is recognized through appropriate enquiries and analyses, which establishes that the resources are adequate to support the operations and that sufficient business opportunities exist to justify the organisation as a going concern and the Directors analyse the financial statements accordingly to ensure that. Hence, the Financial Statements are prepared on a going concern basis.

## Corporate Social Responsibility (CSR)

CSR is a central function of ACI FL and the projects and programs under CSR are selected on basis of their relevance to the business objectives of the Company. We are conscious of our responsibility to manage a sustainable business organization which requires a strong team to manage CSR and at the same time respect the social aspirations concerning us.

## Board of Directors

The Board of Directors of the Company consists of the following 7 (seven) members having a majority of non-executive Directors including two Independent Directors:

- **Mr. M. Anis Ud Dowla**
  Chairman, Board of Directors
- **Ms. Shusmita Anis**
  Managing Director
- **Dr. F H Ansarey**
  Director
- **Dr. Arif Dowla**
  Director
- **Mrs. Najma Dowla**
  Director
- **Mr. Juned Ahmed Choudhury**
  Independent Director
- **Mr. Kamran T. Rahman**
  Independent Director

## Election of Director

By operation of Article 47 of the Company's Articles of Association Mr. M. Anis Ud Dowla and Dr. F H Ansarey retire by rotation and being eligible, offer themselves for re-election. Their brief resume and other information are appended in the Annexure-III of this report as per BSEC notification.

## Re-appointment of Independent Director

The first three-year tenure of the Independent Director, Mr. Kamran T. Rahman expires on 27 April 2017. Accordingly, the Board in its meeting held on 27 April 2017 has extended his tenure for another term of three-year with effect from 28 April 2017 as the Independent Director of the Company as per BSEC regulations and recommended to the shareholders for approval in the 21st Annual General Meeting.

Brief resume and other information of Mr. Kamran T. Rahman is appended in the Annexure-III of this report as per BSEC notification.

## Re-appointment of Managing Director

The tenure of Ms. Shusmita Anis, Managing Director of the Company, will expire on 29 December 2017. The Board in its meeting held on 23 October 2017 decided to re-appoint her for a further term of five years w.e.f. 30 December 2017 and accordingly, recommended for approval by the shareowners in the ensuing Annual General meeting. Brief resume of Ms. Shusmita Anis is appended in Annexure-III of this report as per BSEC notification.

## Appointment of Auditors

The existing Auditors of the Company, M/s. Rahman Rahman Huq, Chartered Accountants, retire at this Annual General Meeting on completion of their audit works for the year ended on 30 June 2017. They are not however eligible for reappointment as per BSEC order No. SEC/CMRRCD/2009-193/104/admin/61, Dated-July 08, 2015.




M/s. Hoda Vasi Chowdhury & Co., Chartered Accountants, expressed their interest to be appointed as auditors of the Company for the FY 2017-2018 at a fee of Tk. 630,000/- plus VAT. Accordingly, Board recommends the appointment to the shareholders of the Company.

## Corporate Governance Compliance Status

ACI Formulations Limited believes in sustainable business development through quality assurance, customer focus, innovation, fairness, transparency and compliance, and continuous improvement for enriching the quality of life of the people. However, the Board and management of the Company are committed to continuously strive for the highest standards and ethics in governance practices with a view to safeguarding the interest of its shareowners and innumerable stakeholders as well.

In this connection, we are pleased to confirm that the Company has meanwhile complied with all the necessary guidelines under BSEC Notification No. SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7 August 2012. The compliance report along with the necessary remarks/disclosure is appended in Annexure-V of the Directors' Report for the year ended on 30 June 2017. In this respect, the Certificate of Compliance required under Condition # 7 of the Notification as provided by M/s. Al-Muqtadir Associates, Chartered Secretaries, is also enclosed in Annexure-VI of this report.

## The People of ACI FL

Our Human Resource department is continuously developing our people by conducting customized training programs throughout the year. We empower our workforce with delegated authority and evaluate them under a scientific system called Balanced Score Card and reward them according to their performance. We acknowledge achievement of individuals and promote our employees based on fair and transparent evaluation. ACI FL takes its social responsibility seriously. Occupational health, safety and environmental protection are always on top of our priority list. We aspire to achieve better results and accordingly set priorities and goals.

## Acknowledgements

The Board of Directors firmly believes that ACI FL has the necessary strengths, resources and commitments to further propel the Company to newer heights. The performance of the Company during the period under review, even with so many challenges confronted, demonstrates the resolves and determination of the Board and the employees in the Company. At this occasion, the Board expresses on record their appreciation to the partners of ACI FL, shareowners, suppliers, customers, bankers, regulators, media and all other well wishers for their support and patronage to bring the company to this level. We value their continued support to fulfill our mission to improve the lives of people.

Finally, and most importantly, we, on behalf of the Board of Directors thank the employees of ACI FL in factories, depots, offices and other locations across the country, for their untiring efforts. They have worked hard, against all odds, uncertainties and adversities and built a stronger organisation that can create a greater positive impact on the quality of life of the people.

On behalf of the Board

**Shusmita Anis**
Managing Director

**Kamran T. Rahman**
(Independent Director)

Dhaka, 23 October 2017

# শেয়ার মালিকদের নিকট পরিচালনা পর্ষদের প্রতিবেদন

## ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য

আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে এ সি আই ফরমুলেশন্‌স লিমিটেডের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কোম্পানী আইন ১৯৯৪, অর্থ আইন ২০১৫ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নির্দেশনা অনুসারে প্রস্তুতকৃত ৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ ও নিরীক্ষা প্রতিবেদনসহ পরিচালক মণ্ডলীর প্রতিবেদন আপনাদের বিবেচনার জন্য উপস্থাপন করছি।

পরপর দুই মৌসুমে দেশের বৃহৎ একটি অংশে অতিবৃষ্টি ও বন্যার ফলে উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবেলা করেও এসিআই ক্রপ কেয়ার ও পাবলিক হেলথ ব্যবসা খাতে উল্লেখিত বছরে ২০১৫ সালের তুলনায় ১৬% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। কৌশলগত নেতৃত্ব এবং বিক্রয় ও বাজারজাতকরণ টীমের অক্লান্ত পরিশ্রমের কারনেই এই সফলতা এসেছে। তারা এই সফলতায় প্রশংসা ও স্বীকৃতীর প্রকৃত দাবিদার।

আলোচ্য বছরে সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব আরও ৬টি নতুন মলিকিউলস সংযোজনের মাধ্যমে ক্রপ কেয়ার খাতের পণ্য সম্ভারকে আরও আধুনিকায়ন করা হয়েছে। বাজারে দৃঢ় অবস্থান তৈরির লক্ষ্যে এই নতুন মলিকিউলসগুলো যথাযথভাবে ব্রান্ডিং করা হয়েছে। হার্বিসাইড ক্যাটাগরিতে আমরা বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছি। ফাঙ্গিসাইড ক্যাটাগরিতেও দৃঢ় অবস্থান ধরে রাখার মধ্যদিয়ে আমরা সার্বিকভাবে মার্কেট শেয়ার অর্জনে সক্ষম হয়েছি।

আমরা ফ্লো মাষ্টার নামক একটি স্প্রে সার্ভিস চালু করেছি। এই সার্ভিসের আওতায় এসিআই'র প্রশিক্ষিত স্প্রেয়ারগণ একটি স্প্রে মেশিনের সাহায্যে ফসলে স্প্রে করে থাকেন এবং কৃষকেরা তাদের প্রয়োজনমত এ সার্ভিসের সুবিধা নিতে পারেন। এর মাধ্যমে ফসলের সুরক্ষা ব্যবস্থাপনাকে আরও জোরদার করা সম্ভব হবে বলে আশা করা যায়। এই সেবা আমাদের কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটির একটি উদ্যোগ।

ফ্লোরা একটি পরিবেশ বান্ধব চারা গাছ ও ফসলের উৎপাদন বৃদ্ধি সহায়ক। কৃষকদের কাছ থেকে এর ব্যবহার সম্পর্কে আশাব্যাঞ্জক সাড়া পাওয়ার পর আমরা ফ্লোরাকে ব্যাপকভাবে বাজারজাতকরণ করতে উৎসাহিত হই। এই লক্ষ্যে ২০১৫ সালে ফ্লোরাকে একটি স্বতন্ত্র কৌশলগত ব্যাবসায়ীক ইউনিট হিসেবে প্রতিষ্ঠা করা হয় এবং এর জন্য সম্পূর্ণ পৃথক একদল মাঠকর্মী তৈরি করা হয়। প্রথম দুই বছর ফ্লোরা খাতে অভূতপূর্ব বিক্রয় প্রবৃদ্ধি অর্জিত হওয়ায় একইরূপ ফলাফলের প্রত্যাশায় বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়। কিন্তু গত দুই মৌসুমে ধারাবাহিক বন্যার কারনে ফ্লোরা'র বিক্রয় অপ্রত্যাশিতভাবে হ্রাস পেয়েছে। উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় ইতোমধ্যে বিভিন্ন ধরনের সংশোধনমূলক পদক্ষেপ গ্রহন করা হয়েছে। ফ্লোরা'র ব্যবসায়ীক সম্ভাবনা খুবই উজ্জল এবং এলক্ষ্যে আমাদের প্রোডাক্ট ব্রান্ডিং ইতোমধ্যে সফল হয়েছে। আসন্ন দিনগুলোতে ফ্লোরা'র পূর্ণ সম্ভাবনা ও ব্রান্ডিং সুবিধাকে কাজে লাগাতে আমরা প্রয়োজনীয় রিসোর্স এর যোগান নিশ্চিত করব।

আধুনিক কৃষি ব্যবস্থা অবলম্বনের মাধ্যমে কিভাবে ফসলের উৎপাদন বৃদ্ধি করা যায় সে বিষয়ে কৃষকদেরকে শিক্ষা দিতে এসিআই'র ক্রপ কেয়ার ও ফ্লোরা টীম মাঠে নিয়োজিত রয়েছে। পাশাপাশি আমরা বিভিন্ন ধরনের এন.জি.ও. ও দাতা সংস্থার সাথে প্রত্যন্ত অঞ্চলে কৃষকদেরকে আধুনিক চাষাবাদ ব্যবস্থার সুফল সম্পর্কে অবহিত করতে একযোগে কাজ করে যাচ্ছি। এছাড়াও আমরা উপজেলা লেভেলে সরকারের A2i প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছি ।

গাজীপুরে অবস্থিত এসিআই ফরমুলেশন্‌স লিমিটেডের ফ্যাক্টরী ISO 14001 পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি কর্তৃক সার্টিফাইড একটি সম্পূর্ণ পরিবেশ সহায়ক কর্মক্ষেত্র। এসিআই ফরমুলেশন্‌স ফ্যাক্টরীর এই টেকসই পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। পণ্যের গুণগত মান নিশ্চিত করতে আমাদের রয়েছে সর্বাধুনিক ও বিশেষায়িত যন্ত্রপাতি সম্বলিত কোয়ালিটি কন্ট্রোল ল্যাবস এবং স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস, যা পণ্যের মান রক্ষায় কোনরূপ ব্যাত্যয় ছাড়াই পরিপালন করা হয়। কর্মী-স্বাস্থ্য নিরাপত্তা ব্যবস্থা এবং পরিবেশনীতি নিশ্চিত করার মাধ্যমে আমরা কারখানার পরিবেশের সর্বোচ্চ মান বজায় রেখেছি। কর্তব্যরত অবস্থায় কর্মীরা যাতে তাঁদের ব্যক্তিগত সুরক্ষামূলক গিয়ারগুলি পরিধান করেন আমরা তা নিশ্চিত করি ।

আমরা যুক্তরাষ্ট্রের SC Johnson & Son ও নেদারল্যান্ডস এর AKZO NOBEL এর বিশ্বমানের পন্য গুণগত মান বজায় রেখে এবং তাদের সন্তুষ্টি অর্জনের মধ্য দিয়ে প্রস্তুত করে চলেছি। সময়ে সময়ে তাঁদের পরিচালিত বিভিন্ন কারিগরি নিরীক্ষায় আমরা সর্বোচ্চ রেটিং অর্জন করি।

আলোচ্য বছরে আমরা উৎপাদন ব্যবস্থার উন্নতিসাধনকল্পে অটোমেশন ও উৎপাদন প্রক্রিয়ার উন্নয়নসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি। গৃহীত এসকল পদক্ষেপসমূহ পণ্যের উৎপাদন ব্যয় কমাতে এবং সেইসাথে পণ্যের গুনগত মান বৃদ্ধির সহায়ক হয়েছে।

আমাদের বর্জ্য পরিশোধন প্লান্টটি পুরোপুরিভাবে পরিবেশ আইন মেনে পরিচালিত হয়। এই প্রক্রিয়ায় কঠিন ও তরল সব ধরনের বর্জ্য পরিশোধন করে তা থেকে বিষাক্ত উপাদান বের করে দেয়া হয়। আমাদের বর্জ্য পরিশোধন ব্যবস্থাপনা বিশ্বমান সম্পন্ন।

## এক নজরে মূখ্য পরিচালনগত ও আর্থিক তথ্য

২০১৬-১৭ অর্থবছর সহ কোম্পানীর বিগত পাঁচ বছরের মূখ্য পরিচালনগত ও আর্থিক তথ্যাদি নিম্নে প্রদর্শন করা হলোঃ

মিলিয়ন টাকায়

| বিবরণ | জুলাই ২০১৬ – জুন ২০১৭ | জানুয়ারি ২০১৬ – জুন ২০১৬ (ছয় মাস) | ডিসেম্বর ২০১৫ | ডিসেম্বর ২০১৪ | ডিসেম্বর ২০১৩ | ডিসেম্বর ২০১২ | ডিসেম্বর ২০১১ |
|---|---|---|---|---|---|---|---|
| নীট বিক্রয় | ৩,৬২৯.৪৩ | ১,৬২৫.৪৮ | ৩,০০৬.৪৯ | ২,৯০৮.১১ | ২,৩৪০.৪৩ | ২,৫৮১.০৪ | ২,৪৪৩.৬৬ |
| মোট গ্রস মুনাফা | ১,১০৭.৮১ | ৪৭৬.৯৪ | ৮০০.১৪ | ৭৩৮.৫৮ | ৫৮৪.৫৬ | ৬০৯.৮৬ | ৫৭১.৮৬ |
| কর পূর্ববর্তী মুনাফা | ৩৫৬.৭৩ | ১২৬.৬৪ | ৩১৩.১১ | ২৫৯.৬৫ | ১৭২.২৯ | ২০০.২১ | ১৯৭.৪৯ |
| কর পরবর্তী মুনাফা | ২৬১.৪৪ | ৯০.৪০ | ২৩৫.১৪ | ১৮৭.৬২ | ১২৯.২৩ | ১৪৯.৯৬ | ১৪৬.৮৫ |
| শেয়ার প্রতি আয় (টাকা) | ৫.৮১ | ২.০১ | ৫.২৩ | ৪.১৭ | ২.৮৭ | ৩.৩৩ | ৩.২৬ |
| ইস্যুকৃত ও পরিশোধিত মূলধন | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ |
| শেয়ার মালিকদের ইক্যুইটি | ২,৪৫৪.৮০ | ২,২৮৩.৩৬ | ২.৩৫০.৪৬ | ১,৮০৫.৫৯ | ১,৭৩০.৪৭ | ১,৭১৩.৭৪ | ১,৬৩৮.৭৮ |
| শেয়ার প্রতি নীট সম্পদ (টাকা) | ৫৪.৫৫ | ৫০.৭৪ | ৫২.২৩ | ৪০.১২ | ৩৮.৪৫ | ৩৮.০৮ | ৩৬.৪২ |
| কর্মচারীদের সংখ্যা | ১,৬৭৯ | ১,৪৮৯ | ১,৪৫৯ | ১,১৪৯ | ৯২২ | ৯২১ | ৭৯৮ |
| জাতীয় রাজস্ব আয়ে অবদান | ৫৬৪.৩৪ | ২৫৫.৮২ | ৩৮৬.৬৪ | ২৪৬.৪৭ | ১৬৫.৫৮ | ১৭০.০০ | ১৭২.৪৭ |

## আর্থিক ফলাফল

৩০শে জুন ২০১৭ সালে সমাপ্ত অর্থবছরে এসিআই ফরমুলেশন্স লিমিটেড এর নীট বিক্রয় ছিল ৩,৬২৯.৪৩ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী ১৮ মাসের সমাপ্ত রিপোর্টিং পিরিয়ডে ছিল ৪,৬৩১.৯৭ মিলিয়ন টাকা। অনুকূল কাঁচামালের মূল্য এবং অধিক লাভজনক পণ্য বিক্রয়ের কারণে ২০১৬-২০১৭ অর্থবছরে গ্রস মুনাফার হার বৃদ্ধি পেয়ে ৩০.৫২% হয়েছে যা পূর্ববর্তী ১৮ মাসের রিপোর্টিং পিরিয়ডে ছিল ২৭.৫৭%। আলোচ্য অর্থ-বছরে পরিচালন মুনাফা ৪৯৩.৬৫ মিলিয়ন টাকা এবং কর পরবর্তী মুনাফা ২৬১.৪৪ মিলিয়ন টাকা ছিল যার ফলশ্রুতিতে শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৫.৮১ টাকা।

## মুনাফা বন্টন

২০১৬-২০১৭ অর্থবছরের ফলাফল পর্যালোচনা, ফ্রি রিজার্ভ এবং ধারাবাহিক লভ্যাংশ নীতি অনুসরণের আলোকে পরিচালনা পর্ষদ নীট মুনাফার নিম্নলিখিত বন্টন সুপারিশ করেছেনঃ

| | ৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের জন্য টাকা | ৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ১৮ মাসের জন্য টাকা | ৩০শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত ৬ মাসের জন্য টাকা | ৩১শে ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের জন্য টাকা |
|---|---|---|---|---|
| অবন্টিত মুনাফা | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৫২৭,৬২৭,৪৯৬ | ৬০৬,৫৬৯,৮৯৯ | ৫২৭,৬২৭,৪৯৬ |
| যোগ: কর-পরবর্তী মুনাফা | ২৬১,৪৩৬,৯২৭ | ৩২৫,৫৪০,৪৬৯ | ৯০,৩৯৮,০৬৪ | ২৩৫,১৪২,৪০৫ |
| যোগ: আদায়কৃত পুনঃমূল্যায়ণ সঞ্চিতি | - | ১,২৯৯,৯৯৮ | - | ১,২৯৯,৯৯৮ |
| সর্বমোট বন্টনযোগ্য মুনাফা | ৯৫৮,৪০৪,৮৯০ | ৮৫৪,৪৬৭,৯৬৩ | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৭৬৪,০৬৯,৮৯৯ |
| মুনাফা বন্টন | | | | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশঃ | | | | |
| নগদ লভ্যাংশ | ৯০,০০০,০০০ | - | - | - |
| চূড়ান্ত প্রস্তাবিত লভ্যাংশঃ | | | | |
| নগদ লভ্যাংশ | ৬৭,৫০০,০০০ | ১৫৭,৫০০,০০০ | - | ১৫৭,৫০০,০০০ |
| সর্বমোট লভ্যাংশ | ১৫৭,৫০০,০০০ | ১৫৭,৫০০,০০০ | - | ১৫৭,৫০০,০০০ |
| অবন্টিত মুনাফা স্থিতি | ৮০০,৯০৪,৮৯০ | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৬৯৬,৯৬৭,৯৬৩ | ৬০৬,৫৬৯,৮৯৯ |

এ বছরের স্থিতি এবং আগামীতে মুনাফা অর্জনের মাধ্যমে কোম্পানী ধারাবাহিক লভ্যাংশ নীতি বজায় রাখতে পারবে বলে পরিচালনা পর্ষদ আস্থাশীল।

## লভ্যাংশ

পরিচালনা পর্ষদ ইতিমধ্যে ২০% অন্তঃবর্তীকালীন নগদ লভ্যাংশ (শেয়ার প্রতি ২.০ টাকা) প্রদান করেছে।

উপরোক্ত অন্তঃবর্তীকালীন নগদ লভ্যাংশ ছাড়াও, ৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের জন্য পরিচালনা পর্ষদ আনন্দের সাথে চূড়ান্ত লভ্যাংশ হিসেবে ১৫% নগদ লভ্যাংশ (অর্থাৎ শেয়ার প্রতি ১.৫ টাকা) সুপারিশ করেছে। রেকর্ড ডেট, অর্থাৎ ১৩ নভেম্বর ২০১৭ সোমবার, যে সকল সম্মানিত শেয়ার মালিকগণের নাম কোম্পানীর সদস্যদের শেয়ার রেজিস্টার বা সিডিবিএল এর ডিপোজিটরিতে অন্তর্ভুক্ত ছিল, তারা এই চূড়ান্ত লভ্যাংশ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত।

## জাতীয় রাজস্ব আয়ে অবদান

৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত অর্থবছরে কোম্পানি আয়কর, আবগারি শুল্ক এবং মূল্য সংযোজন কর বাবদ মোট ৫৬৪.৩৪ মিলিয়ন টাকা জাতীয় কোষাগারে জমাদান করেছে; যা উল্লেখিত সমাপ্ত বছরের নীট বিক্রয়লব্ধ আয়ের ১৫.৫৫%।

## বিক্রিত পণ্যের খরচ এবং মুনাফার হার

৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত অর্থবছরে বিক্রিত পণ্যের ব্যয় হয়েছে ২,৫২১.৬২ মিলিয়ন টাকা (নীট বিক্রয়ের ৬৯.৪৮%) যা পূর্ববর্তী ১৮ মাসের রিপোর্টিং পিরিয়ডে ছিল ৩,৩৫৪.৮৯ মিলিয়ন টাকা (নীট বিক্রয়ের ৭২.৪৩%)। কাঁচামালের মূল্য তুলনামূলকভাবে কম থাকায় এবং উচ্চ মার্জিন সম্বলিত পণ্য মিশ্রনের ফলে এ অর্জন সম্ভব হয়েছে। এর পাশাপাশি, প্রান্তিক মুনাফার হার বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩০.৫২% (১,১০৭.৮১ মিলিয়ন টাকা) যা পূর্ববর্তী ১৮ মাসের রিপোর্টিং পিরিয়ডে ছিল ২৭.৫৭% (১,২৭৭ মিলিয়ন টাকা)। উল্লেখিত অর্থ বছরে গ্রস মুনাফার হার বৃদ্ধি পেলেও কর পরবর্তী মুনাফার হার ছিল ৭.২% যার কারণ মূলতঃ অধিক পরিচালন ব্যয়, বিক্রয় ও বিতরণ সংক্রান্ত খরচ এবং অর্থায়ন খরচ।

## বিধিবদ্ধ তথ্য সম্বন্ধে পরিচালকমন্ডলীর ঘোষনা

৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের আর্থিক বিবরণী প্রস্তুত ও উপস্থাপন সম্বন্ধে পরিচালকমন্ডলী আরো জানাচ্ছে যে ঃ

- আর্থিক বিবরণীর নোট - ৭ (ii) এ সেগমেন্ট অনুযায়ী রিপোর্টিং ফলাফল পর্যালোচনা করা হয়েছে।
- কোম্পানি ব্যবসা সংশ্লিষ্ট-ঝুঁকি সম্পর্কে সচেতন এবং সেগুলোকে নিয়মানুগ পদ্ধতির মাধ্যমে মোকাবেলায় প্রস্তুত। আর্থিক বিবরণীর নোট-৩২ এ আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা বর্ণিত হয়েছে।
- Bangladesh Financial Reporting Standards (BFRSs) অনুসারে কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি রিপোর্টিং পিরিয়ডে বিদ্যমান নেই।
- সংশ্লিষ্ট পক্ষগুলোর সকল লেনদেন বাণিজ্যিক ভিত্তিতে করা হয়েছে যার মূলনীতি "Arm's Length Transaction". সংশ্লিষ্ট পক্ষ সমূহের লেনদেনের বিবরণ আর্থিক বিবরণী নোট-৩৬ এ প্রকাশিত হয়েছে।
- রিপোর্টিং পিরিয়ডে কোন আইপিও বা রাইট ইস্যু নেই।
- ত্রৈমাসিক আর্থিক ফলাফল এবং বার্ষিক আর্থিক বিবরণীর মধ্যে উল্লেখযোগ্য কোন পার্থক্য নেই।
- রিপোর্টিং পিরিয়ডে, কোম্পানির বোর্ড মিটিং এ উপস্থিতি ফি হিসাবে মোট ৯,০০০ টাকা প্রদান করা হয়েছে। পরিচালকমন্ডলীর সম্মানী ভাতা আর্থিক বিবরণীর নোট-২৮ এবং নোট- ৩৬ (বি) এ উল্লেখ করা হয়েছে।
- কোম্পানির ব্যবস্থাপনা পর্ষদ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানির স্থিতি, পরিচালন ফলাফল, অর্থ প্রবাহ এবং ইক্যুইটি পরিবর্তনের একটি সত্য ও যথার্থ চিত্র তুলে ধরা হয়েছে।
- কোম্পানির হিসাবের বই সঠিকভাবে রক্ষণাবেক্ষন করা হয়েছে।
- আর্থিক বিবরণী প্রণয়নে যথাযথ হিসাব নীতি ধারাবাহিকভাবে অনুসরণ করা হয়েছে এবং হিসাবের ভিত্তি যুক্তিসঙ্গত ও সঠিক।
- আর্থিক বিবরণী প্রস্তুতকরনের ক্ষেত্রে Bangladesh Accounting Standards (BASs) ও Bangladesh Financial Reporting Standards (BFRSs) অনুসরণ করা হয়েছে।
- আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির কার্যকর বাস্তবায়ন ও পর্যবেক্ষণ হয়েছে।
- নিঃসন্দেহে কোম্পানী একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত।
- বিগত বছরের তুলনায় পরিচালন ফলাফলে পরিলক্ষিত সকল উল্লেখযোগ্য পার্থক্যসমূহ দৃষ্টিগোচর করা হয়েছে এবং উহার ব্যাখ্যা প্রদান করা হয়েছে।
- আলোচ্য বছর সহ পূর্ববর্তী পাঁচ বছরের গুরুত্বপূর্ণ  আর্থিক ও পরিচালনগত তথ্য পরিচালকদের বিবরণীতে প্রকাশ করা হয়েছে।
- কোম্পানি রিপোর্টিং পিরিয়ডে লভ্যাংশ সুপারিশ করেছে।

- বিধিবদ্ধ নিয়মানুসারে রিপোর্টিং পিরিয়ডে পরিচালনা পর্ষদের মোট ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে যার বিবরণ Annexure-I এ দেয়া হয়েছে।
- ৩০শে জুন ২০১৭ ইং তারিখে কোম্পানির শেয়ার হোল্ডিং প্যাটার্ণ Annexure-II এ দেখানো হয়েছে।
- পুনঃনিয়োগের জন্য বিবেচিত সকল পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের Annexure-III এ অন্তর্ভূক্ত করা হয়েছে।
- CEO এবং CFO বোর্ডকে এই মর্মে প্রত্যায়ন করেছে যে তারা রিপোর্টিং পিরিয়ডে আর্থিক বিবরণী মূল্যায়ন করেছে এবং তারা বিশ্বাস করে যে, এই প্রতিবেদনে অসত্য কিছু নেই অথবা কোন উপাদান বাদ দেওয়া হয়নি অথবা এমন কিছু নেই যা ভুল ব্যাখ্যা দিতে পারে।
- CEO এবং CFO আরো নিশ্চয়তা প্রদান করেছে যে, সত্য এবং যথার্থ উপস্থাপনা এবং প্রযোজ্য আইন মেনে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে।
- CEO এবং CFO বোর্ডকে এ ব্যাপারে আরো প্রত্যায়ন করেছে যে, তাদের জ্ঞান ও বিশ্বাস মতে রিপোর্টিং পিরিয়ডে এমন কোন লেনদেন হয়নি যা প্রতারণামূলক, অনৈতিক অথবা কোম্পানীর স্বীকৃত আভ্যন্তরীণ আচরণ বিধি লঙ্ঘন করে।

## চলমান প্রতিষ্ঠান

পরিচালনা পর্ষদ বিশ্বাস করে যে এ সি আই ফরমুলেশন্স একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত। তারা পর্যাপ্ত অনুসন্ধান এবং বিশ্লেষনের মাধ্যমে নিশ্চিত হয়েছে যে, সম্পদ এবং পর্যাপ্ত ব্যবসায়িক সুযোগের মাধ্যমে কোম্পানিকে চলমান প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা যায়, যা নিশ্চিতকরণের জন্য পরিচালকগণ আর্থিক হিসাবপত্র বিশ্লেষণ করেছেন। চলমান প্রতিষ্ঠান নীতির আলোকেই কোম্পানির আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

## কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর)

সামাজিক দায়বদ্ধতা এসিআই গ্রুপের একটি কেন্দ্রীয় কার্যক্রম এবং CSR এর আওতায় গৃহীত সকল প্রজেক্ট ও প্রোগ্রামসমূহ ব্যবসায়িক সংশ্লিষ্টতার সাথে সম্পর্কিত। টেকসই ব্যাবসা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে আমরা সামাজিক দায়বদ্ধতা ও আকাঙ্ক্ষার প্রতি শ্রদ্ধাশীল।

## পরিচালনা পর্ষদ

কোম্পানির পরিচালনা পর্ষদ দুই জন স্বতন্ত্র পরিচালক সহ নিম্নোক্ত ৭ জন সদস্যের সমন্বয়ে গঠিতঃ

- জনাব এম.আনিস উদ্ দৌলা
  চেয়্যারম্যান, বোর্ড অব ডিরেক্টরস
- মিস. সুস্মিতা আনিস
  ব্যবস্থাপনা পরিচালক
- ড. এফ এইচ আনসারী
  পরিচালক
- ড. আরিফ দৌলা
  পরিচালক
- জনাবা নাজমা দৌলা
  পরিচালক
- জনাব জুনেদ আহমেদ চৌধুরী
  স্বতন্ত্র পরিচালক
- জনাব কামরান টি. রহমান
  স্বতন্ত্র পরিচালক

## পরিচালনা পর্ষদ নির্বাচন

কোম্পানির আর্টিক্যালস অব এসোসিয়েশন এর ৪৭ অনুচ্ছেদ অনুযায়ী জনাব এম. আনিস উদ্ দৌলা এবং জনাব এফ এইচ আনসারী পর্যায়ক্রমিকভাবে অবসর গ্রহণ ও পুনঃনির্বাচনের যোগ্য হিসাবে বিবেচিত। উল্লেখিত পরিচালকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও অন্যান্য তথ্যাদি সংযুক্তি-৩ এ বর্ণিত হয়েছে ।

## স্বতন্ত্র পরিচালক পুনঃনিয়োগ

স্বতন্ত্র পরিচালক জনাব কামরান টি. রহমানের প্রথম ৩ বছরের মেয়াদ ২৭ শে এপ্রিল ২০১৭ তারিখে সমাপ্ত হয়। পরিচালনা পর্ষদ তাঁদের ২৭ শে এপ্রিল ২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত সভায় বিএসইসি'র নীতিমালা অনুসরণ করে তার মেয়াদ উল্লেখিত তারিখ থেকে আরও তিন বছরের জন্য বর্ধিত করেন এবং এই পুনঃনিয়োগ শেয়ার হোল্ডারদের ২১ তম সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করেন। তার সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও অন্যান্য তথ্যাদি সংযুক্তি-৩ এ বর্ণিত হয়েছে ।

## ব্যবস্থাপনা পরিচালক পুনঃনিয়োগ

কোম্পানীর বর্তমান ব্যবস্থাপনা পরিচালক মিস. সুস্মিতা আনিসের মেয়াদ আগামী ২৯ ডিসেম্বর ২০১৭ সালে শেষ হবে। পরিচালনা পর্ষদ ২৩ শে অক্টোবর ২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত সভায় তাঁকে পরবর্তী ৫ বছরের জন্য ব্যবস্থাপনা পরিচালক হিসাবে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গ্রহন করেন এবং সেই অনুসারে ২১তম বার্ষিক সাধারণ সভায় শেয়ার হোল্ডারদের অনুমোদনের সুপারিশ করেন। তাঁর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও অন্যান্য তথ্যাদি সংযুক্তি-৩ এ বর্ণিত হয়েছে ।

## অডিটরদের নিয়োগ

কোম্পানির বর্তমান অডিটর মেসার্স রহমান রহমান হক, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্, ২০১৭ সালের ৩০ শে জুন তারিখে সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষা সম্পন্ন করার পর আসন্ন বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহন করবেন। বিএসইসি'র অদেশ নং SEC/CMRRCD/2009-193/104/ admin/61, Dated- July 08, 2015 মোতাবেক তারা পুনঃনিয়োগের যোগ্য হিসেবে বিবেচিত নয়। মেসার্স হুদা ভাসি চৌধুরী এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস, ৬,৩০,০০০/- টাকা (মূল্য সংযোজন কর ব্যতিরেকে) সম্মানীর বিনিময়ে ২০১৭-১৮ আর্থিক বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিয়োগ প্রাপ্ত হতে আগ্রহ প্রকাশ করেছে। কোম্পানীর পরিচালনা পর্ষদ শেয়ার হোল্ডারদের নিকট তাদের নিয়োগের জন্য সুপারিশ করেন ।

## কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট

এসিআই ফরমুলেশন্স লিমিটেড ভোক্তা সাধারনের জীবনযাত্রার গুনগতমান-উন্নয়ন, ভোক্তা অধিকার সংরক্ষণ, উদ্ভাবন, স্বচ্ছতা, জবাবদিহিতা ও ক্রমাগত উন্নতির মধ্য দিয়েই ব্যাবসার প্রসার ঘটানোর সম্ভব বলে বিশ্বাস করে। পরিচালনাপর্ষদ ও ব্যাবস্থাপকগণ কোম্পানিতে কর্পোরেট গর্ভানেন্স অনুশীলনে সর্বোচ্চ নৈতিকতা ও মান বজায় রাখার মাধ্যমে শেয়ারহোল্ডার ও অংশীদারদের স্বার্থ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা অত্যন্ত আনন্দের সাথে আপনাদের এই মর্মে নিশ্চিত করছি যে, কোম্পানি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন এর Notification No. SEC/CMRRCD/2006-158/134/ Admin/44 dated 7 August 2012, অনুযায়ী সমস্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা পালন করেছে। এই অনুসারে, ৩০ শে জুন ২০১৭ সালের সমাপ্ত অর্থবছরের জন্য মন্তব্য সহ কমপ্লায়েন্স রিপোর্ট কোম্পানীর পরিচালকমন্ডলীর প্রতিবেদনের সংযুক্তি-৫ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়াও কর্পোরেট গর্ভানেন্স গাইডলাইনের কন্ডিশন নং ৭ অনুযায়ী আল-মুক্তাদীর এ্যাসোসিয়েটস, চার্টাড সেক্রেটারীজ, কর্তৃক প্রত্যায়িত কমপ্লায়েন্স সার্টিফিকেট এই প্রতিবেদনের সংযুক্তি-৬ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## এসিআই ফরমুলেশন্স'র মানবসম্পদ

বছরব্যাপী বিভিন্ন ধরনের কাস্টমাইজড প্রশিক্ষনের মাধ্যমে আমাদের মানব সম্পদ বিভাগ কর্মীদের উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। কতৃত্ব অর্পণ ও ক্ষমতায়নের পাশাপাশি আমরা আমাদের কর্মী বাহিনীকে ব্যালেন্সড স্কোর কার্ডের মত বৈজ্ঞানিক পন্থায় তাঁদের কার্যফল যাচাই ও পুরস্কৃত করে থাকি। নিরপেক্ষ ও স্বচ্ছ মুল্যায়নের মাধ্যমে প্রত্যেকের স্ব স্ব অবদানের স্বীকৃতি স্বরূপ তাদের পদোন্নতি নিশ্চিত করা হয়। এসিআই ফরমুলেশন্স সামাজিক দায়বদ্ধতাকে গুরুত্বের সাথে বিবেচনা করে থাকে। পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ রক্ষা এখানে অগ্রাধিকার তালিকার শীর্ষে রয়েছে। আমরা ভাল কিছু করার প্রচেষ্টায় সর্বদা নিয়োজিত এবং সেই অনুযায়ী আমাদের সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণে সচেষ্ট।

## কৃতজ্ঞতা জ্ঞাপন ও স্বীকৃতি

কোম্পানির পরিচালনা পর্ষদ দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, এ সি আই ফরমুলেশন্স এর রয়েছে পর্যাপ্ত শক্তি, সম্পদ ও প্রতিশ্রুতি যা কোম্পানিকে আরও উচ্চতায় পৌছে দিতে পারে। বহুবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও কোম্পানির ব্যবসায়িক ফলাফল পরিচালনা পর্ষদ তথা সকল কর্মীবৃন্দের দৃঢ় মনোবল এবং সংকল্পেরই ফসল। এ সি আই ফরমুলেশন্সের সকল ব্যবসায়িক সহযোগী, শেয়ারমালিক, সরবরাহকারী, ক্রেতা, ব্যাংক ও মিডিয়া যাদের সহযোগীতা এবং অক্লান্ত পরিশ্রমের ফলে কোম্পানি আজকের এই পর্যায়ে এসেছে তাদের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন। মানুষের জীবন-মান উন্নয়নে আমাদের লক্ষ্যের প্রতি তাদের এই অব্যাহত মূল্যবান সমর্থন ও সহযোগীতা আমাদের কাছে যথেষ্ট গুরুত্ব বহন করে।

পরিশেষে, এবং অত্যন্ত গুরুত্বের সাথে আমরা পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ফ্যাক্টরী, ডিপো এবং অফিস সমূহের সকলের অক্লান্ত প্রচেষ্টার প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই। নানাবিধ অনিশ্চয়তা ও প্রতিকূলতার মাঝেও তাদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠার বলে এ সি আই ফরমুলেশন্স একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠেছে যা জনগনের জীবন-মান উন্নয়নে নিরন্তর অবদান রেখে চলেছে।

বোর্ডের পক্ষে,

**সুস্মিতা আনিস**
ব্যবস্থাপনা পরিচালক

**কামরান টি. রহমান**
স্বতন্ত্র পরিচালক

ঢাকা, ২৩ অক্টোবর ২০১৭




**ACI Formulations Limited**
ACI Centre, 245 Tejgaon Industrial Area, Dhaka 1208